রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ১৯, ২০১২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৭-আইন/২০১২।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগবিধি, ২০১২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "একাডেমী" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমী;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্মকমিশন;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন নির্দিষ্ট পদে নিয়োগের ক্ষেত্রে, তফসিলে উল্লিখিত উক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী;

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" "স্বীকৃত প্রতিষ্ঠান" "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ প্রদান করা যাইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ প্রদান করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ প্রদান করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।

(৪) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি —

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে নিয়োগ প্রদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এতদ্বারা বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমী (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৮ রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | মহাপরিচালক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সচিব অথবা অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (২) | অতিরিক্ত মহাপরিচালক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারের অতিরিক্ত সচিব অথবা যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (৩) | পরিচালক | - | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৭৫% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-পরিচালক বা সিনিয়র লাইব্রেরীয়ান পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমীতে মোট ১৫ (পনের) বৎসরের চাকুরী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারে উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (৪) | উপ-পরিচালক | - | (ক) ১৬.৬৭% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮৩.৩৩% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>বিসিএস (প্রশাসন) ক্যাডারের সিনিয়র সহকারী সচিব বা সিনিয়র সহকারী কমিশনার পদমর্যাদার কর্মকর্তা। |
| (৫) | প্রোগ্রামার | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬) | সিরিয়র লাইব্রেরীয়ান | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** গ্রন্থাগারিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন বৃহৎ গ্রন্থাগারে প্রথম শ্রেণীর পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>অথবা<br>গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং কোন বৃহৎ গ্রন্থাগারে প্রথম শ্রেণীর পদে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৭) | সহকারী পরিচালক | - | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৭৫% প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ** বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী কমিশনার বা সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (৮) | গবেষণা অফিসার | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী কমিশনার বা সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (৯) | প্রকাশনা অফিসার | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী কমিশনার বা সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| (১০) | মেডিকেল অফিসার | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের সহকারী সার্জন পদমর্যাদার কর্মকর্তা। |
| (১১) | গ্রন্থাগারিক | ১৮-৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **প্রদোন্নতির ক্ষেত্রে ঃ** গ্রন্থাগারিক বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ক্যাটালগার পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন বিশ্ববিদ্যালয় বা পাবলিক লাইব্রেরী বা সরকারি সংস্থায় গ্রন্থাগার ব্যবস্থাপনায় অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| (১২) | হিসাব রক্ষণ কর্মকর্তা | | প্রেষণে নিয়োগের মাধ্যমে। | কম্পট্রোলার এ্যান্ড অডিটর জেনারেল কার্যালয়ে সমবেতন স্কেল এবং পদমর্যদা সম্পন্ন কর্মকর্তা। |
| (১৩) | প্রশাসনিক কর্মকর্তা | ১৮-৩০ বৎসর | (ক) ৮০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কম্পিউটার অপারেটর বা সাঁট-মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর বা অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে; এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৪) | সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (১৫) | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (১৬) | অডিও/ভিডিও অপারেটর | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী বা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যন্ত্র বা তড়িৎ বা ইলেকট্রনিক্স বা ইলেকট্রিক বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৭) | ফার্মাসিস্ট | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ফার্মেসী বিষয়ে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| (১৮) | সাঁটলিপিকার | The Stenographers & Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| (১৯) | ক্যাটালগার | ১৮-৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>গ্রন্থাগার সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ১২ (বার) বছরের চাকুরীসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| (২০) | কেয়ার-টেকার | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (২১) | ভান্ডার রক্ষক | সর্বোচ্চ ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| (২২) | উচ্চমান সহকারী | ১৮-৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এবং প্রশিক্ষণ সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) করণিক কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৩) | সাঁট-মুদ্রাক্ষরিক | The Stenographers & Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। | | |
| (২৪) | ক্যাশিয়ার | সর্বোচ্চ ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>হিসাব রক্ষণ সহকারী পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (২৫) | ডাটা এন্ট্রি অপারেটর | The Computer Personmel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (২৬) | ইলেকট্রিশিয়ান | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ট্রেড কোর্স সার্টিফিকেট থাকিতে হইবে। |
| (২৭) | বাবুর্চি | ১৮-৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী বাবুর্চি পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন খ্যাতনামা সংস্থা অথবা কোন বেসরকারি প্রতিষ্ঠানে বা হোটেল বা রেস্তোঁরায় রান্নার কাজে অন্যূন ০৫ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (২৮) | ড্রাইভার | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৯) | ইমাম | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ফাজিল পাশ। পবিত্র কোরআনে হাফেজগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (৩০) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ১৮-৩০ বৎসর | (ক) ৩০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর বা দপ্তরী পদে অন্যূন ০৮ (আট) বৎসর বা এমএলএসএস পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরী;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০টি শব্দ এবং ইংরেজীতে ২৮টি শব্দের গতি; এবং<br>(ঘ) কম্পিউটার চালানোয় দক্ষতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে; এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩১) | গ্রন্থাগার সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে সর্বনিম্ন গতি ইংরেজীতে ৩০টি শব্দ এবং বাংলায় ২০টি শব্দ; এবং<br>(গ) কোন স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩২) | হিসাব রক্ষণ সহকারী | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে বা বিজনেস স্টাডিজ বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সমমানের গ্রেড পয়েন্ট;<br>(খ) হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |
| (৩৩) | প্লাম্বার | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৩৪) | প্রশিক্ষণ সহকারী | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সমমানের গ্রেড পয়েন্ট; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। |
| (৩৫) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ০২ (দুই) বৎসর বা এমএলএসএস পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৬) | অভ্যর্থনাকারী | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সমমানের গ্রেড পয়েন্ট। |
| (৩৭) | ডেসপ্যাচ রাইডার | .. | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** এমএলএসএস পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** মোটরসাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩৮) | বিনোদন কক্ষ এটেনডেন্ট | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সমমানের গ্রেড পয়েন্ট; এবং (খ) টেলিভিশন, ভিসিআর, ভিডিও ক্যামেরা, প্রজেক্টর, স্লাইড প্রজেক্টর চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৩৯) | দপ্তরী | .. | পদোন্নতির মাধ্যমে। | এমএলএসএস পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী। |
| (৪০) | এমএলএসএস | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৪১) | সহকারী বাবুর্চি | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কোন খ্যাতনামা সংস্থা বা হোটেল অথবা কোন বেসরকারি প্রতিষ্ঠান বা রেস্তোঁরায় রান্নার কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪২) | সিকিউরিটি গার্ড/ নৈশ প্রহরী | ১৮-৩০ বৎসর তবে অবসর প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সেনাবাহিনী বা আনসার বা পুলিশ বা বিডিআর এর অবসরপ্রাপ্ত সদস্যকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৩) | ক্লাশ এটেনডেন্ট | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। প্রজেক্টর ও স্লাইড প্রজেক্টর চালানোর অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (৪৪) | মালী | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বৃক্ষরোপণ ও পরিচর্যার কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪৫) | সুইপার | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ঝাড়ুদার সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে। |
| (৪৬) | পরিবহন সহকারী | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। অটোমোবাইল ওয়ার্কশপে অন্যূন ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪৭) | খেলাধুলা এটেনডেন্ট | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ক্রীড়া ক্ষেত্রে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪৮) | ডাইনিং বয় | ১৮-৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কোন হোটেল বা ক্যাফেটেরিয়ায় অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd